প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নসমূহঃ
জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর জন্য NYC হামের টিকাকরণ অর্ডার

9ই এপ্রিল, স্বাস্থ্য বিভাগ (Health Department) জনস্বাস্থ্যের জরুরি অবস্থা ঘোষণা করে এবং ব্রুকলিনে জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ হামের প্রাদুর্ভাবের বিরুদ্ধে প্রতিক্রিয়াস্বরুপ একটি হামের টিকাকরণের আদেশ জারি করে। এই প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নসমূহ এই ঘোষণা সম্বন্ধে অতিরিক্ত তথ্য প্রদান করে এবং তার সাথে সংশ্লিষ্ট হামের টিকাকরণের আদেশের সম্পর্কেও অতিরিক্ত তথ্য প্রদান করে।

জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ হামের প্রাদুর্ভাবের প্রতিক্রিয়াস্বরুপ স্বাস্থ্য বিভাগ একটি জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার কথা ঘোষণা করেছিল কেন?

স্বাস্থ্য কমিশনার জনস্বাস্থ্যের জরুরি অবস্থা ঘোষণা করতে পারেন যখন নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যের ক্ষেত্রে কোনো জরুরি ঝুঁকি দেখা যায়।

বর্তমানে ব্রুকলিনের উইলিয়ামসবার্গ এবং বোরো পার্ক এলাকায় একটি সক্রিয় হামের প্রাদুর্ভাব ঘটেছে যা এই ধরনের ঝুঁকির হুমকি হিসাবে যোগ্যতাপ্রাপ্ত। 2018 সালের অক্টোবরের শুরুতে এই প্রাদুর্ভাব শুরু হয় এবং এর ফলে টিকা প্রতিরোধযোগ্য এই রোগের প্রায় 300টি ঘটনা ঘটেছে। গত তিন মাসে এই ঘটনাগুলির বেশিরভাগই জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর অধিবাসীদের মধ্যে ঘটেছে। স্বাস্থ্য অধিদপ্তর এই প্রাদুর্ভাবটি শেষ করার জন্য একাধিক কৌশল চেষ্টা করেছে, যার মধ্যে রয়েছে প্রভাবিত সম্প্রদায়ের মধ্যে নিবিড় প্রচার এবং তাদের পরিবেশনকারী চিকিৎসা প্রদানকারীরাও। তদুপরি, স্বাস্থ্য বিভাগ এই সম্প্রদায়ের সেবায় নিযুক্ত শিশু পরিচর্যা কর্মসূচী এবং ইয়েশিবা থেকে কোনো বিনা-টিকাকৃত শিশুদের বাদ দেওয়া বাধ্যতামূলক করে। তবে, এই জীপ কোডগুলির মধ্যে কম টিকাকরণের হারের কারণে প্রাদুর্ভাব এখোনো চলছে।

এই প্রাদুর্ভাব MMR টিকার নিরাপত্তার এবং কার্যকারিতা সম্পর্কে বিপজ্জনক ভুল তথ্য বিস্তারের ফলে আরো বেড়ে চলেছে। স্বাস্থ্য অধিদপ্তর এই সম্প্রদায়ের বেশিরভাগ লোকের পাশে দাঁড়িয়েছে যারা তাদের সন্তানদের এবং অন্যদেরকে ঝুঁকি থেকে সুরক্ষিত রাখতে কঠোর পরিশ্রম করেছে। এই সম্ভাব্য মারাত্মক সংক্রমণ থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে এবং এই প্রাদুর্ভাবটি শেষ করার এক জরুরি প্রয়োজন রয়েছে। এই ঘোষণা প্রভাবিত সম্প্রদায়ের মধ্যে টিকাকরণের হারে উন্নতি নিয়ে আসতে সাহায্য করবে।

হামের টিকাকরণের আদেশ কি করে?

নিউইয়র্ক সিটিতে হামের বিস্তার বন্ধ করার জন্য স্বাস্থ্য বিভাগ বাধ্যতামূলক করে যে 6 মাস এবং তার বেশি বয়সীরা এবং প্রাপ্তবয়স্করা যারা জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ বসবাস করেন, কাজ করেন বা স্কুলে যান, তারা হাম, মাম্পস এবং রুবেলা (MMR) টিকাকরণ করান। গর্ভবতী ব্যক্তি সহ বৈধ চিকিৎসাগত কারণে যারা এই টিকা নিতে পারেন না, তাদের এই টিকাকরণের আদেশ থেকে ছাড় দেওয়া হয়।

টিকা নেওয়া বা অনাক্রম্য ব্যক্তিদের ক্ষেত্রে হামের ঝুঁকি কম হয়। জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর বেশীরভাগ মানুষের জন্য, এই আদেশটি আপনাকে আপনার টিকাকরণের ইতিহাস বা অনাক্রম্যতার স্থিতি নিশ্চিত করার জন্য আপনার অনাক্রম্যতার নথি পরীক্ষা করতে বা আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সাথে কথা বলতে উত্সাহিত করবে।

6 থেকে 11 মাস বয়সের শিশুরা কি টিকাকরণের আদেশের অন্তর্ভুক্ত?

হ্যাঁ, জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ শিশু পরিচর্যায় উপস্থিত থাকা অথবা বসবাসকারী সকল বাচ্চারা এই টিকাকরণের আদেশের অন্তর্ভুক্ত। আগে প্রদান করা MMR টিকার ডোজ তাদের বর্তমান প্রাদুর্ভাবের সময় রক্ষা করবে। শিশুদের তখন সুপারিশকৃত টিকাকরণের সময়সূচীতে ফিরে আসা উচিৎ এবং MMR টিকার প্রথম ডোজ 12 মাস বয়সে পুনরাবৃত্তি করা উচিত। শিশুদের MMR টিকার দুটি ডোজ অবশ্যই নিতে হবে স্কুলে উপস্থিত হবার জন্য (কিন্ডারগার্টেন - 12তম গ্রেড অবধি)।

জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249-এ বসবাস করে না এমন 6 থেকে 11 মাস বয়সী শিশুদের জন্য MMR টিকার একটি প্রাথমিক ডোজ সম্পর্কে নিম্নলিখিত নির্দেশিকাটি ব্যবহার করুন:

- বোরো পার্ক এবং ক্রাউন হাইটসে পরিচিত হামের প্রাদুর্ভাব সহ সম্প্রদায়ের সদস্যদের জন্য এটি প্রস্তাবিত।
- নিউ ইয়র্ক সিটিতে অর্থোডক্স ইহুদি সম্প্রদায়ের সদস্যদের জন্য প্রস্তাবিত।
- সমস্ত শিশু যারা আন্তর্জাতিকভাবে বা পরিচিত হামের প্রাদুর্ভাব আছে এমন একটি সম্প্রদায়ে ভ্রমণ করে, তাদের জন্য প্রস্তাবিত।

আমি যদি জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ কাজ করি?

আপনি যদি জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249-এ অবস্থিত একটি ব্যবসার জন্য কাজ করেন, তাহলে হামের বিস্তার বন্ধ করার জন্য আপনার MMR টিকা নেওয়া বাধ্যতামূলক। আমরা আপনাকে আপনার টিকাকরণ ইতিহাস বা অনাক্রম্যতার অবস্থা নিশ্চিত করার জন্য আপনার অনাক্রম্যতার রেকর্ড পরীক্ষা করতে বা আপনার স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সাথে কথা বলতে উৎসাহ জানাই।

স্বাস্থ্য অধিদপ্তর কি করে জানবে কে টিকা নেয়নি?

যখন স্বাস্থ্য বিভাগের কর্মীরা হামের রোগীকে সনাক্ত করেন, তখন সে যে ব্যক্তির সাথে যোগাযোগ করেছে তাকেও সনাক্ত করে। স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীরা এই পরিচিতিগুলিকে টিকা বা অন্যান্য প্রতিরোধমূলক পদক্ষেপের সাথে সংযুক্ত করেন এবং হামের ঝুঁকি কমাতে তাদের সাথে কাজ করেন। স্বাস্থ্য বিভাগের কর্মীরা সিটিওয়াইড ইমিউনাইজেশন রেজিস্ট্রি (Citywide Immunization Registry, CIR) ব্যবহার করেন যে কোনও ব্যক্তির ভ্যাকসিন রেকর্ড পরীক্ষা করার জন্য যারা হামের রোগীর সাথে যোগাযোগ রেখে থাকতে পারেন। যদি টিকাকরণের রেকর্ড পাওয়া যায় না, স্বাস্থ্য বিভাগ হামের প্রতিরোধের অন্যান্য প্রমাণ অনুরোধ করতে পারে। উদাহরণস্বরূপ, একটি রক্ত পরীক্ষা, যা মিজলস সেরোলজি নামে পরিচিত, প্রমাণ করে যে কেউ পূর্বে টিকা নেওয়ার মাধ্যমে বা হামের ভাইরাস সংক্রমণের মাধ্যমে হাম রোগের প্রতি অনাক্রম্য অর্জন করেছেন। আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী এই সাধারণ পরীক্ষার আদেশ দিতে পারেন এবং আপনার তার জন্য রক্ত নিতে পারেন। জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর যে কেউ যিনি হামের প্রতি অনাক্রম্যতা প্রত্যয়ন করতে পারবেন না টিকাকরণের নথি পেশ করে অথবা একটি ইতিবাচক মিজলস সেরোলজি রক্ত পরীক্ষা দ্বারা তা

প্রদর্শন করতে পারবেন, স্বাস্থ্য বিভাগের তাদের অনাক্রম্য এবং টিকাকৃত নন বলে বিবেচিত করবেন এবং টিকাকরণের আদেশ লঙ্ঘনকারী হিসেবে জণ্য করবেন।

আমি টিকা প্রত্যাখ্যান করলে কি হবে?

যদি ইতিমধ্যেই তারা তা না করে থাকেন তাহলে স্বাস্থ্য অধিদপ্তর জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এর সবাইকে টিকা নেবার আদেশ জারী করছেন। স্বাস্থ্য অধিদপ্তর প্রভাবিত জিপ কোডগুলিতে বসবাস করেন, কাজ করেন বা স্কুলে যান এমন ব্যক্তিদের এবং 11 এপ্রিল 2019 এর মধ্যে যাদের টিকা দেওয়া হয়নি এবং স্বাস্থ্য বিভাগের কাছে অনাক্রম্যতার প্রমাণ বা বৈধ চিকিৎসাগত ছাড় প্রদান করেন না যারা, তাদের সিভিল সামন্স জারী করতে পারেন। যদি টিকাকরণ না করা ব্যক্তিটি একটি শিশু হয়, তাহলে শমন তার বাবা-মাকে জারি করা হবে। শমন গ্রহণকারী ব্যক্তি প্রশাসনিক বিচার ও শুনানির নিউ ইয়র্ক সিটি অফিসে শুনানির অধিকারী হবেন (New York City Office of Administrative Trials and Hearings)। শুনানির আধিকারিক যদি শমনটি বহাল রাখেন তাহলে 1,000 মার্কিন ডলার জরিমানা আরোপ করা হবে। শুনানির সময়ে উপস্থিত না হলে বা শমনে সাড়া দিতে ব্যর্থ হলে 2,000 মার্কিন ডলার জরিমানা হবে।

যদি আমি কোন চিকিৎসাগত অবস্থার জন্য বা অন্যান্য চিকিৎসাগত কারণে টিকা না নিতে পারি তাহলে কী হবে?

MMR টিকা গ্রহণ করা থেকে আপনাকে বিরত করতে পারে এমন কয়েকটি চিকিৎসাগত কারণ রয়েছে। আপনি যদি একটি হাম রোগির সাথে সংযুক্ত থাকার জন্য পরিচিত হন এবং গর্ভাবস্থা সহ MMR টিকাপ্রাপ্তি থেকে আপনাকে প্রতিরোধ করতে পারে এমন একটি চিকিৎসাগত কারণ থাকে, তাহলে আপনাকে নিউ ইয়র্কে প্র্যাক্টিস করার লাইসেন্সযুক্ত একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে নির্দিষ্ট দলিলাদি পেশ করতে বলা হবে। এই চিকিৎসাগত দলিলাদি অবশ্যই স্পষ্টভাবে সেই শর্ত ব্যক্ত করবে যা আপনার বা আপনার সন্তানের টিকা দেওয়া অসম্ভব করে তোলে। আপনি কেন টিকাটি নিতে পারবেন না তা সম্পর্কে একটি স্পষ্ট বিবৃতি ছাড়া একটি সাধারণ প্রদানকারীর নোট বৈধ চিকিৎসার ছাড় হিসাবে গ্রহণ করা হবে না। আপনার নথিপত্র নিশ্চিত করা হলে, আপনার বিরুদ্ধে জরিমানা প্রত্যাহার করা হবে।

চিকিত্সার কারণে যারা MMR টিকা গ্রহণ করতে পারেন না হামের সংস্পর্শে আসার পরে তারা হয়ত আরেকটি প্রতিরোধমূলক চিকিত্সা গ্রহণ করতে পারেন যার নাম ইমিউন গ্লবিউলিন। স্বাস্থ্য বিভাগ ইমিউন গ্লবুলিন পাওয়া প্রয়োজন ব্যক্তিদের নির্দেশিকা প্রদান করবেন।

স্বাস্থ্য অধিদফতর আর কি করছেন হাম ছড়িয়ে পড়া বন্ধ করার জন্য?

স্বাস্থ্য অধিদপ্তর ইয়েশিভা ও শিশু পরিচর্যাকারী কর্মসূচীগুলি যা প্রভাবিত সম্প্রদায়গুলির সেবা করে এবং জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এ অবস্থিত, সেগুলিকে সেই সকল শিশুদের বাদ দেওয়া বাধ্যতামূলক করবে যাদের MMR টিকার প্রয়োজনীয় ডোজ দেওয়া নেই। শিশুরা যদি তাদের MMR টিকাগুলির ক্ষেত্রে হালনাগাদ থাকে বা তাদের ল্যাবরেটরি পরীক্ষা (মিজলস সেরোলজি) পরীক্ষা করা হয়ে থাকে যা দেখায় যে তারা হামের প্রতি অনাক্রম্য তাহলে তাদের শিশু পরিচর্যা বা ইয়েশিভাতে ফিরে যাওয়ার অনুমতি দেওয়া হবে। এই বর্জনের প্রয়োজনীয়তাগুলি প্রাদুর্ভাব শেষ হওয়া পর্যন্ত বা যতক্ষণ স্বাস্থ্য বিভাগ নির্ধারণ না করছেন যে এটি অটিকাকৃত শিক্ষার্থীদের এই ইয়েশিভাগুলি বা শিশু পরিচর্যার ফেসিলিটিগুলিতে উপস্থিত হওয়ার জন্য নিরাপদ, ততক্ষণ বলবত থাকবে। স্বাস্থ্য অধিদপ্তর টিকাকরণ সম্পর্কে শিক্ষা শেয়ার

করার জন্য ও সংশ্লিষ্ট পরিবারগুলির সাথে জড়িত থাকার জন্য কমিউনিটি-ভিত্তিক চিকিৎসা প্রদানকারী, সংগঠন, ধর্মীয় নেতাদের এবং অন্যান্য স্থানীয়ভাবে বিশ্বস্ত কন্ঠগুলির সাথেও অংশীদারিত্ব করছেন।

কোন স্কুল বর্জনের প্রয়োজনীয়তাগুলির দ্বারা প্রভাবিত হয়?

উইলিয়ামসবার্গে জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249-এ ইয়েশিভা এবং শিশু পরিচর্যা প্রোগ্রামগুলিকে অটিকাকৃত শিশুদের স্কুলে উপস্থিত হওয়া থেকে বহিভুর্ত রাখার জন্য কমিশনারের আদেশ দেওয়া হয়েছে। বোরো পার্কে জিপ কোড 11204, 11218 এবং 11219 এ অতিরিক্ত ইয়েশিভা ও শিশু পরিচর্যা কর্মসূচীদের অবহিত করা হয়েছে এবং তাদের অটিকাকৃত শিশুদের বাদ রাখার জন্য বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। এই স্কুলগুলি এই সময়ে প্রাদুর্ভাব বর্জনের প্রয়োজনীয়তা পূরণ করার একমাত্র স্কুলসমূহ। এই জিপ কোডগুলির মধ্যে শিশু পরিচর্যা বা ইয়েশিভায় যোগদানকারী শিক্ষার্থীদের অবশ্যই যদিও তাদের ধর্মীয় বা চিকিৎসাগত ছাড় প্রাপ্ত থাকে বা চিকিৎসাগত নোট থাকে তাহলেও তাদের স্কুলে উপস্থিত হওয়া থেকে বর্জন করা উচিৎ। শিশু পরিচর্যা প্রোগ্রামগুলি অবশ্যই এমন কর্মীদের বাদ দেবে যারা টিকাকৃত নন এবং তাদের অনাক্রম্যতার কোন প্রমাণ নেই। যে কোনও জিপ কোডে, কোনও শিশু পরিচর্যা বা স্কুলে সমস্ত অটিকাকৃত বা অনাক্রম্য নয় এমন শিক্ষার্থীদের, স্কুল থেকে বাদ দেওয়া হবে, স্বাস্থ্য বিভাগ যেমন নির্ধারন করবেন।

প্রাদুর্ভাব সম্পর্কিত স্কুল উপস্থিতির ব্যতিক্রম

অপরিচিত শিশুটি নিম্নোক্ত জিপ কোডে বাস করে বা তাতে অবস্থিত একটি শিশু পরিচর্যা প্রোগ্রাম বা স্কুলে পড়ে	অটিকাকৃত শিশুটি নার্সারি, হেড স্টার্ট বা প্রি-কে প্রোগ্রামে রয়েছে	অটিকাকৃত শিশুটি গ্রেড কিন্ডারগার্টেন থেকে 12 অবধিতে রয়েছে	অটিকাকৃত শিশুটি গ্রেড 9-12 এ রয়েছে এবং স্কুলে গ্রেড 9-12 আছে শুধু
11204	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে	উপস্থিত হতে পারে
11205	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না
11206	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না
11211	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না
11218	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে	উপস্থিত হতে পারে
11219	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে
11249	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না	উপস্থিত হতে পারে না

প্রাদুর্ভাব সংক্রান্ত স্কুল বর্জন প্রয়োজনীয়তাগুলি পাবলিক বা প্রাইভেট স্কুলে প্রযোজ্য হয় কি যারা অর্থডক্স ইহুদি সম্প্রদায়কে পরিষেবা প্রদান করে না?

না, উইলিয়ামসবার্গে জিপ কোড 11205, 11206, 11211 এবং 11249 এবং বোরো পার্কে জিপ কোড 11204, 11218 এবং 11219 এ অর্থোডক্স ইহুদি সম্প্রদায়কে পরিষেবা প্রদানকারী ইয়েশিভা বা শিশু পরিচর্যার প্রোগ্রামগুলিতে শুধু এই বর্জনের প্রয়োজনীয়তাগুলি বর্তমানে কার্যকর। এই ধরনের প্রোগ্রাম বা স্কুলে বাচ্চাদের সাথে সংশ্লিষ্ট কোনও সংক্রমণের ঘটনা জড়িত নেই, তাই এই সময়ে পাবলিক বা প্রাইভেট প্রোগ্রামগুলিতে প্রাদুর্ভাব-সম্পর্কিত ব্যতিক্রমগুলি প্রসারিত করার কোন কারণ নেই। ভবিষ্যত প্রাদুর্ভাবের ধরণ পরিবর্তিত হলে স্বাস্থ্য বিভাগ ভবিষ্যতে এই প্রাদুর্ভাব সম্পর্কিত ব্যতিক্রমগুলির সামঞ্জস্যসাধন করবে। এখনকার জন্য, পাবলিক বা প্রাইভেট স্কুলের সকল শিশুর শিক্ষা বিভাগের প্রমিত অনাক্রম্যতার প্রয়োজনিয়তাগুলি অনুসরণ করা গুরুত্বপূর্ণ এবং তার সাথে অতিরিক্ত হামের ঘটনা প্রতিরোধ করার জন্য বর্তমান MMR টিকাকরণের আদেশের প্রয়োজনীয়তাগুলি অনুসরণ করাও। শিক্ষা বিভাগের অনাক্রম্যতার প্রয়জনিয়তার সম্পর্কে তথ্যের জন্য, schools.nyc.gov দেখুন।

হাম কাকে বলে?

হাম একটি ভাইরাল সংক্রমণ যা জ্বর এবং ফুসকুড়ির কারণ। হামে আক্রান্ত প্রায় 30% মানুষের এই সংক্রমণ থেকে জটিলতা সৃষ্টি, যেমন নিউমোনিয়া, মস্তিষ্কের স্ফীতি, ডায়রিয়া, কানের সংক্রমণ, হাসপাতালে ভর্তি হওয়া এবং সম্ভাব্য মৃত্যু। এটি অত্যন্ত সংক্রামক এবং এই ভাইরাসের বিরুদ্ধে টিকা দেওয়া না থাকলে যে কারো যে কোনো বয়সে এটি হতে পারে। হাম দুর্বল প্রতিরক্ষা প্রণালী এবং গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে খুবই গুরুতর হতে পারে।

কিভাবে হাম বিস্তার করে?

সংক্রামিত ব্যক্তি যখন হাঁচে বা কাশে বা যখন তারা শ্বাস নেয় তখন বায়ুর মাধ্যমে হাম ছড়িয়ে যায়। হামে আক্রান্ত ব্যক্তি ফুসকুড়ি আবির্ভূত হওয়ার চার দিন আগে থেকে সংক্রামক হয় এবং ফুসকুড়ি আবির্ভূত হওয়ার চার দিন পর অবধি সংক্রামক থাকে।

হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাস যে বায়ু এবং পৃষ্ঠতলের উপর দুই ঘন্টা অবধি সক্রিয় থাকে এবং সংক্রমণের ক্ষমতা রাখে।

কিভাবে হাম প্রতিরোধ করা যাবে?

টিকাকরণ প্রতিরোধ করার সেরা উপায়। যে কেউ যিনি হাম-ধারক টিকার দুটি ডোজ পেয়েছেন বা 1957 সালের আগে জন্মগ্রহণ করেছেন (সম্ভবত প্রাকৃতিক সংক্রমণের কারণে অনাক্রম্যতা লাভ করেছেন), তাকে অনাক্রম্য বলে বিবেচনা করা হয় এবং তাদের হাম হবার সম্ভাবনা অত্যন্ত কম।

প্রাক-কিন্ডারগার্টেন, নার্সারি স্কুল, চাইল্ড কেয়ার প্রোগ্রাম এবং হেড স্টার্টে নিবন্ধিত 12 মাস বয়সী সমস্ত শিশুদের টিকার একটি MMR টিকার ডোজ পাওয়া বাধ্যতামূলক।

শিশুদের MMR টিকার দুটি ডোজ অবশ্যই নিতে হবে স্কুলে উপস্থিত হবার জন্য (কিন্ডারগার্টেন থেকে 12তম গ্রেড অবধি)।

MMR টিকা আমি কোথায় পাবো?

MMR টিকা পেতে, আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনি 311 কল করতে পারেন বা nyc.gov/health/clinics তে যেতে পারেন।

কোথায় আমি হাম সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

আপনার স্বাস্থ্যের যত্ন প্রদানকারীর সাথে কথা বলুন, 311 এ কল করুন অথবা আরও তথ্যের জন্য এই অনলাইন সংস্থানগুলি দেখুন:

- হাম: nyc.gov/health এবং “হাম” এর জন্য অনুসন্ধান করুন
- হাম (ইমিউনাইজেশন অ্যাকশন কোয়ালিশন): vaccineinformation.org/measles
- হামের সার্বিক চিত্র (রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র): cdc.gov/measles